**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৩ মার্চ ২০১৬, ২০ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রযুক্তির ক্ষেত্রে দেশ কোনোভাবেই পিছিয়ে থাকবে না
: ১২৫ উপজেলায় ইউআইটিআরসিই উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
২। শিশু হত্যার বিচারে দ্রুত অভিযোগপত্র দেওয়া হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৩। সৌদি আরবের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর
৪। দেশের বিভিন্ন অঞ্চলে ৬১টি সেতু নির্মাণ প্রকল্পের চুক্তি স্বাক্ষর
৫। শিশু নির্যাতনকারীদের বিষয়ে সরকারের জিরো টলারেন্স অবস্থান
: মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী
৬। তিন সহায়তায় বাল্যবিবাহ ২৫ শতাংশ কমেছে
৭। বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন বন্ধে উকিল নোটিশ
৮। মিডিয়ার বেশি স্বাধীনতা মঙ্গল বয়ে আনে না
: বিচারবিভাগের ডিজিটালাইজেশন প্রক্রিয়ার উদ্বোধনকালে প্রধান বিচারপতি
৯। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এক হাজার জাল এটিএম কার্ড জব্দ
১০। পাকিস্তানকে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে বাংলাদেশ
বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

**১।	প্রযুক্তির ক্ষেত্রে দেশ কোনোভাবেই পিছিয়ে থাকবে না**
**: ১২৫ উপজেলায় ইউআইটিআরসিই উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আধুনিক প্রযুক্তিনির্ভর দেশ গড়ে তুলতে দেশের সকল উপজেলায় আইসিটি রিসোর্ট সেন্টার গড়ে তোলার ঘোষণা দিয়ে বলেছেন, বিশ্ব এগিয়ে যাচ্ছে। নতুন নতুন প্রযুক্তি আসছে। এক্ষেত্রে বাংলাদেশ কোনোভাবেই পিছিয়ে থাকতে পারে না। প্রযুক্তিতে পিছিয়ে থাকলে চলবে না। কারণ সমাজকে দুর্নীতিমুক্ত, উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন ও আরও ব্যাপকভাবে নিরীক্ষা কার্যক্রম চালানো এবং উন্নয়নের গতিকে ত্বরান্বিত করা এই কাজগুলো খুব সহজ হয় শুধু প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে। গতকাল ২ মার্চ বুধবার প্রধানমন্ত্রী তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে ভিডিও কনফারেন্সের মাধমে দেশের ১২৫টি উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্ট সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)-এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**২।	শিশু হত্যার বিচারে দ্রুত অভিযোগপত্র দেওয়া হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

দেশে শিশুহত্যার বিচার শেষ করতে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত অভিযোগপত্র দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন গত কিছুদিনে বেশ কয়েকটি শিশুহত্যার ঘটনা ঘটেছে, প্রতিটিই হৃদয়বিদারক, পৈশাচিক। গতকাল ২ মার্চ বুধবার সচিবালয়ে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৭,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৩।	সৌদি আরবের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান শিল্পমন্ত্রীর**

সৌদি আরবের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগ করার আহবান জানিয়েছেন বর্তমানে সেই দেশে সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। শিল্পমন্ত্রী গত ১ মার্চ মঙ্গলবার সৌদি এরাবিয়ান জেনারেল ইনভেস্টমেন্ট অথরিটির (সাগিয়া) ডেপুটি গভর্নর ও ন্যাশনাল কম্পেটিটিভ সেন্টারের প্রেসিডেন্ট সউদকে আল-ফয়সালের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে এ আহ্বান জানান। রিয়াদে অবস্থিত সাগিয়ার প্রধান কার্যালয়ে বৈঠকটি হয়। শিল্প মন্ত্রণালয়ে পাঠানো একসংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়। সূত্র- **প্রথম আলো** (পৃ.১২,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৪।	দেশের বিভিন্ন অঞ্চলে ৬১টি সেতু নির্মাণ প্রকল্পের চুক্তি স্বাক্ষর**

মাতারবাড়ি বিদ্যুৎ প্রকল্পের সংযোগ সড়কসহ বিভিন্ন অঞ্চলের ৬১টি সেতু নির্মাণে প্রকল্প গ্রহণ করেছে সরকার। এর মধ্যে ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্টের (ডব্লিউবিবিআইপি) আওতায় ২৪ জেলায় ২ হাজার ৯১১ কোটি ৭৫ লাখ টাকা ব্যয়ে ৬১টি সেতু নির্মাণ করা হবে। এছাড়া ৬০২ কোটি ৩২ লাখ টাকা ব্যয়ে মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সাড়ে ৪৩ কিলোমিটার সংযোগ সড়ক নির্মাণ ও সংস্কার করা হবে। এই প্রকল্প দুটি বাস্তবায়নে পরামর্শ প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে সড়ক ও জনপথ অধিদফতর। গতকাল ২ মার্চ বুধবার রাজধানীর তেজগাঁও সড়ক ভবনে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এতে সওজের পক্ষে প্রধান প্রকৌশলী ইবনে আলম হাসান চুক্তিতে স্বাক্ষর করেন। অন্যদিকে পরামর্শকদের পক্ষে ফুকুশিমা ও মাতারবাড়ি প্রকল্পে স্মেক ইন্টারন্যাশনালের সামিউল ইসলাম চুক্তিতে সই করেন। এ সময় উপস্থিত ছিলেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৫।	শিশু নির্যাতনকারীদের বিষয়ে সরকারের জিরো টলারেন্স অবস্থান**
**: মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

শিশু নির্যাতনকারীদের বিষয়ে সরকারের জিরো টলারেন্স অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেছেন মহিলা ও

শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। চাঞ্চল্যকর শিশু হত্যা মামলাগুলোকে মন্ত্রণালয় সার্বক্ষণিক মনিটর করছে বলেও জানান প্রতিমন্ত্রী। গতকাল ২ মার্চ বুধবার ব্র্যাক ইন সেন্টারে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষপৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৪,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।



৬। **তিন সহায়তায় বাল্যবিবাহ ২৫ শতাংশ কমেছে**

কিশোরীদের শিক্ষা সহায়তা দিয়ে জেন্ডার সচেতন করে এবং জীবনমুখী দক্ষতা বাড়িয়ে বাল্যবিবাহ ২৫ শতাংশ কমানো সম্ভব হয়েছে বলে এক গবেষণায় দেখা গেছে। গবেষকেরা বলছেন বাল্যবিবাহ কমাতে বা বন্ধ করতে হলে স্কুলে পড়া অবস্থাতেই সেবাগুলো কিশোরীদের কাছে পৌঁছাতে হবে। গতকাল ২ মার্চ বুধবার রাজধানীর ব্র্যাক সেন্টারে এই গবেষণার তথ্য প্রকাশ কর হয়। যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান পপুলেশন কাউন্সিল, পপুলেশন সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি) এবং এনাবেলিং ডেভেলপমেন্ট ইনটেলিজেন্স যৌথভাবে নয় হাজারের বেশি কিশোরীদের নিয়ে এই গবেষণা করেছে। এতে অর্থিক সহায়তা দিয়েছে নেদারল্যান্ড সরকার। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.) **জনকণ্ঠ**, (পৃ.১৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট**, (পৃ.১৯,ক.১)।

৭। **বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন বন্ধে উকিল নোটিশ**

বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন বন্ধ করতে সরকাকে আইনি নোটিশ পাঠিয়েছেন এক ব্যক্তি। এতে দুই দিনের মধ্যে বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন বন্ধ করে গণমাধ্যমে তা প্রচার এবং নোটিশদাতাকে লিখিতভাবে জানাতে বলা হয়েছে। রাজধানীর সেগুনবাগিচার খায়রুল হাসান সরকার নামে এক ব্যক্তি গতকাল ২ মাচ বুধবার রেজিষ্ট্রার্ড ডাকে এ নোটিশ পাঠান। ডাক ও টেলিযোগ এবং আইনসচিব, বিটিআরসি, পুলিশের মহাপরিদর্শক (আইজিপি), ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার, মুঠোফোন সেবাদাতা প্রতিষ্ঠান গ্রামীনফোন, রবি, এয়ারটেল, বাংলালিংক, টেলিটকও সিটিসেল ওই নোটিশ পাঠানো হয়েছে। সূত্র- **প্রথম আলো** (পৃ.৪,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইনডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৬)।

৮। **মিডিয়ার বেশি স্বাধীনতা মঙ্গল রয়ে আনে না**

**: বিচারবিভাগের ডিজিটালাইজেশন প্রক্রিয়ার উদ্বোধনকালে প্রধান বিচারপতি**

গণমাধ্যমের বেশি স্বাধীনতা দেশের জনগণের মঙ্গল বয়ে আনে না বলে মন্তব্য করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। তিনি সিলেটের জেলা ও দায়রা জজ আদালতের ডিজিটালাইজড উইটনেস ডিপোজিশন সিস্টেম প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে গতকাল ২ মার্চ বুধবার একথা বলেন।এ প্রকল্পের মাধ্যমে বিচার বিভাগের ডিডিটালাইজেশন শুরু হয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫) **জনকণ্ঠ**, (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট**, (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৯। **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এক হাজার জাল এটিএম কার্ড জব্দ**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে শুল্ক গোয়েন্দা বিভাগ কর্তৃক এক হাজার জাল এটিএম কার্ড জব্দ ও র‌্যাবের ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ঢাকার ভেজাল ওষুধ উদ্ধার এবং গুদাম মালিককে জেল-জরিমানা করার ঘটনা ঘটেছে। গতকাল ২ মার্চ বুধবার হংকং থেকে ডিএইচএল কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ৫টি কার্টনে কার্ডগুলো হযরত শাহজালাল বিমানবন্দ আসে। শুল্ক। গোয়েন্দা বিভাগের মহাপরিচালক মইনুল খান জানান, সঠিক কাগজপত্র ছাড়াই এক হাজার জাল এটিএম কার্ড আসে। পরে তা জব্দ করা হয়। ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।।

১০। **পাকিস্তানকে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে বাংলাদেশ**

**বাংলাদেশ ক্রিকেট দলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

গতকাল ২ মার্চ বুধবার এশিয়া কাপের অষ্টম ম্যাচে স্বাগতিক বাংলাদেশ পাঁচ উইকেটে পাকিস্তানকে হারিয়ে এই আসরে দ্বিতীবার ফাইনালে চলে গেল। পাকিস্তান ২০ ওভারে সাত উইকেটে **১**২৯ রানে আটকে যায়। এশিয়া কাপ টি ২০ তে গ্রুপ পর্বের ম্যাচে শক্তিধর পাকিস্তানকে ৫ উইকেটে হারিয়ে লক্ষ্যে পৌঁছে যায় বাংলাদেশ। ফাইনালে নিশ্চিত করায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ, যুগান্তর ইত্তেফাক**, **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**=৪=**

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) সাবেক চেয়ারম্যান মো. নুরুল হুদার স্ত্রীর নামে বেআইনিভাবে নেওয়া প্লট ফেরত দেওয়ায় তাদের রাজউক যেভাবে দায়মুক্তি দিয়েছে তা প্রশ্নবিদ্ধ ও বাতিল যোগ্য উল্লেখ করে ফৌজদারি কার্যবিধিতে অপরাধ আপোষযোগ্য নয় বলে মত প্রকাশ।

খ. **ইত্তেফাক :** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের (মাউসি) একটি প্রতিবেদনে দেখা যায়, দেশের প্রায় ৪**১** শতাংশ মাধ্যমিক বিদ্যালয় সৃজনশীল পদ্ধতির প্রশ্নপত্র তৈরি করতে পারে না উল্লেখ করে সৃজনশীল শিক্ষা পদ্ধতির সাফল্যের জন্য শিক্ষকদের এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** আইন-শৃঙ্খলা বাহিনীর নানামুখী তৎপরতা সত্ত্বেও মানব পাচার বন্ধ না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ সব রোধে সামাজিক সচেতনতার পাশাপাশি দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার আহ্বান।

ঘ. **যুগান্তর :** শিশুর প্রতি সহিংসতা রোধে এবং শিশু অধিকার নিশ্চিত করার লক্ষ্যে শিশু অধিদফতর গঠন করার উদ্যোগ সরকার নেওয়ায় স্বাগত জানিয়ে এর সাথে সাথে শিশুর প্রতি সহিংসতা বন্ধে সবাইকে সচেতন হওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের নবজাতক ও শিশু ওয়ার্ডের ছাদে উচ্চ ক্ষমতাসম্পন্ন দুটি মোবাইল টাওয়ার বসানোয় ভয়ানক স্বাস্থ্য ঝুঁকির মধ্য পড়েছে ওয়ার্ডটি উল্লেখ করে অবিলম্বে এ টাওয়ার দুটি অপসারণের দাবি।

চ. **ডেইলি ষ্টার, সংবাদ :** দেশের তিন লাখ মসজিদের ইমামদের জঙ্গিবাদ বিরোধী কাজে সচেতনতা বৃদ্ধিতে ইমাম প্রশিক্ষণের আওতায় আনার ব্যবস্থা গ্রহণে সরকারকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেন্ডেন্ট :** ওয়াক্‌ফ ষ্টেটের ৮৫ হাজার একর জমি অবৈধভাবে দখল হয়ে যাওয়ার বিষয় তুলে ধরে সরকার ও ওয়াক্‌ফ সম্পত্তি প্রশাসনকে এ ব্যাপারে যৌথভাবে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহবান।

জ. **ডেইলি সান :** ব্যাংক লোনের সুদের হার বেশি হওয়ার পাশাপাশি সন্ত্রাসী ও প্রভাবশালী লোকদের চাঁদা আদায়ের ঘটনায় স্থানীয় বিনিয়োগ নিরুৎসাহিত হয়ে পড়ায় ব্যাংক লোনের সুদের হার হ্রাস করার ওপর গুরুত্বারোপ।

ঞ. **নিউ নেশন :** সেচ পাম্পের ৭৫ শতাংশে বিদ্যুৎ সরবরাহের ঘাটতি থাকায় বোরো চাষে ব্যাঘাত ঘটায় এসব সেচ পাম্পে ভর্তুকি মূল্যে ডিজেল সরবরাহ করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে দেশ ও জনগণের সার্বিক কল্যাণের জন্য গণতান্ত্রিক ব্যবস্থা কার্যকর ভাবে গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সোনালি দিনের নতুন আহ্বান'** শিরোনামের নিবন্ধে ড. ইয়াহিয়া মাহমুদ ইলিশ মাছ সুরক্ষায় জাটকা ধরা, মজুত, পরিবহণ, বাজারজাতকরণ ও খাওয়া থেকে বিরত থাকার লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টি করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা